# জীবন বীমা কর্পোরেশন

**প্রধান কার্যালয়ঃ ২৪, ঢাকা।**

স্মারক নং ৫৩.১৯.৯০০১.০০২.৯৯.০০০.২১-৪৫৮ তারিখঃ ১৩/০৪/২০২১খ্রি:

## অফিস সার্কুলার

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/ চলাচলে বিধি-নিষেধ আরোপ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১২-০৪-২০২১খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ সংখ্যক স্মারকে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত উক্ত স্মারকে উল্লেখ রয়েছে যে, ইতিপূর্বে জারিকৃত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ১৪ এপ্রিল, ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল, ২০২১ মধ্যরাত পর্যন্ত কতিপয় বিধি-নিষেধ আরোপ করেছে। উক্ত স্মারকের প্রেক্ষিতে অত্র কর্পোরেশন কর্তৃক জারিকৃত অফিস স্মারকসমূহের অনুবৃত্তিক্রমে কর্পোরেশনের শাখা অফিস, সেলস অফিস, কর্পোরেট সেবা দপ্তর ও রিজিওনাল অফিসসমূহ এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/বিভাগসমূহ খোলা রাখার বিষয় ও সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপে নির্দেশক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

(ক) কর্পোরেশনের শাখা অফিস, সেলস অফিস, কর্পোরেট সেবা দপ্তর ও রিজিওনাল অফিসসমূহ এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/ বিভাগসমূহ **আগামী ১৪ এপ্রিল, ২০২১ হতে ২১ এপ্রিল, ২০২১ পর্যন্ত বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন;**

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত অন্যান্য বিধি-নিষেধ ও নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। পুনরাদেশ না দেয়া পর্যন্ত উল্লিখিত নির্দেশনাবলী বলবৎ থাকবে।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা।

১৩/০৪/২১

( সেখ কামাল হোসেন )
জেনারেল ম্যানেজার-প্রশাসন

বিতরণ: কার্যার্থে/জ্ঞাতার্থে-

১। জেনারেল ম্যানেজার (সকল)
২। রিজিওনাল ইনচার্জ(সকল)স্ব-স্ব অফিসসহ অধীনস্থ অফিসসমূহে নির্দেশনাসমূহ অবহিত ও বাস্তবায়নের জন্য;
৩। ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল)
৪। ম্যানেজার-যানবাহন;
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট-আইসিটি ডিভিশন(আদেশখানা কর্পোরেশনের ওয়েবসাইট ও Facebook পেইজে আপলোড করার অনুরোধসহ)
৬। ম্যানেজার-বোর্ড সেক্রেটারি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। ম্যানেজার-সংস্থাপন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। পি.এস,টু ম্যানেজিং ডাইরেক্টর, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ**

সূত্র:
(১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে **আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত** পর্যন্ত নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

(ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমুদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;

(ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;

(ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সংকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

(ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;

(জ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(ঝ) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;

(ট) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;

(ঠ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাবী নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং

(ড) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূরক নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৪.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)